

জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিলের জেলা কমিটির জুন-২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট
তারিখ: ০৯/০৬/২০১৯ খ্রি., সময়: বেলা ১২.৩০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” ও “খ” দৃষ্টব্য


সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর এসিড সন্ত্রাস নিয়ন্ত্রণ বিষয়ে উন্মুক্ত আলোচনা শুরু করা হয়। আলোচ্য মাসে এসিড সন্ত্রাসের কোন ঘটনা ঘটেনি মর্মে আলোচনা পর্বে সভাকে অবহিত করা হয়। এসিড অপব্যবহারের কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করে এসিড সন্ত্রাসের কোন ঘটনা ঘটলে ডিকটিমকে উদ্ধারপূর্বক তার সুচিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া এসিড সন্ত্রাস বন্ধে সরকার কর্তৃক জারীকৃত আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি এসিড বিক্রোতা ও ব্যবহারকারীগণকে লাইসেন্সের আওতায় আনতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত সমূহ:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	এসিড সন্ত্রাস ও এর অপব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি	ক) এসিড অপব্যবহারের কুফল ও শাস্তি সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এসিড সন্ত্রাসের ঘটনা ঘটলে ডিকটিমকে উদ্ধারপূর্বক তার সুচিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) এসিডের অবৈধ ব্যবহার বন্ধে সরকার কর্তৃক জারীকৃত আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং এসিড বিক্রোতা ও ব্যবহারকারীগণকে লাইসেন্সের আওতায় আনতে হবে।	১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট ২। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল) ৩। মেয়র, পৌরসভা (সকল) ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৫। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট ৬। ব্যবস্থাপক, ওয়ার্ল্ডভিশন, জয়পুরহাট
০২	এসিড সংক্রান্ত মামলা পরিচালনা	এসিড নিষ্ফেপ ঘটনায় নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এ দায়েরকৃত মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, জয়পুরহাট ২। বিজ্ঞ পিপি, জয়পুরহাট ৩। বিজ্ঞ স্পেশাল পিপি, জয়পুরহাট
০৩	বিবিধ	উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব অধিক্ষেত্রের এসিড ব্যবহারকারী /ব্যবসায়ীগণকে নিয়ে নিয়মিত সভা করে সার্বিক বিষয়ে অবহিত করবেন এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে এসিড বিক্রয় ও ব্যবহারের লাইসেন্স গ্রহণের জন্য নির্দেশনা দিবেন। নির্দেশনা অমান্যকারীগণের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন। সেসাথে এসিড লাইসেন্স প্রাপ্তির আবেদনসমূহ তদন্ত করে দ্রুত প্রতিবেদন প্রেরন নিশ্চিত করবেন।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সভাপতি, চেম্বার অব কমার্স ৩। সভাপতি/সেক্রেটারি, জুয়েলারি ও ব্যাটারী ব্যবসায়ী সমিতি

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: ০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

পাতা নং-২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জেএম শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১৪.১৯-৬-৬

তারিখ: ০৪/০৭/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি :

- ০১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- অবগতি ও কার্যার্থে অনুলিপি :
- ০৩। পুলিশ সুপার, জয়পুরহাট
- ০৪। সিভিল সার্জন, জয়পুরহাট
- ০৫। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট
- ০৬। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট
- ০৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর
- ০৯। মেয়র, জয়পুরহাট/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর পৌরসভা
- ১০। ব্যবস্থাপক, ওয়ার্ল্ড ভিশন, জয়পুরহাট
- ১১। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট
- ১২। সভাপতি/সেক্রেটারি, জুয়েলারি সমিতি, জয়পুরহাট



(সাদেকুর রহমান)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

জয়পুরহাট

ফোন: ০৫৭১-৬২২৫২

ফ্যাক্স: ০৫৭১-৬২৫৪৬

admjoypurhat@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পুলিশ সুপার, জয়পুরহাট
- ২। সিভিল সার্জন, জয়পুরহাট (প্রতিনিধি)
- ৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট
- ৪। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট (প্রতিনিধি)
- ৫। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট (প্রতিনিধি)
- ৬। ব্যবস্থাপক, ওয়ার্ল্ড ভিশন, জয়পুরহাট
- সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট “খ”
- ১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
- ২। সভাপতি, স্বর্ণ ব্যবসায়ী সমিতি, জয়পুরহাট

